

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৬১০

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ মঙ্গলের প্রতি পথ-নির্দেশনা এবং সৎপথ অথবা অসৎপথের দিকে আহবান করার বিবরণ

আরবী

عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِّي أُبْدِعُ بِي فَاحْمِلْنِي
فَقَالَ مَا عِنْدِي فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَنَا أَدْلُهُ عَلَى مَنْ يَحْمِلُهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ

বাংলা

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন,

وَادْعُ إِلَى رَبِّكَ

অর্থাৎ, তুমি তোমার প্রতিপালকের দিকে আহবান কর। (সূরা কাস্তাম ৮৭) তিনি আরো বলেন,

إِذْ أَدْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ

অর্থাৎ, তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহবান কর হিকমত ও সদুপদেশ দ্বারা। (সূরা নাহল ১২৫)
তিনি সুবহানাহু ওয়া তাআলা আরো বলেন,

وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَى

অর্থাৎ, সৎকাজ ও আত্মসংযমে তোমরা পরস্পর সহযোগিতা কর এবং পাপ ও সীমালংঘনের কাজে একে অন্যের সাহায্য করো না। (সূরা মায়েদাহ ২) তিনি তাআলা অন্যত্র বলেছেন,

وَلْتَكُنْ مِنْكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ

অর্থাৎ, তোমাদের মধ্যে এমন একটি দল থাকা উচিত, যারা (লোককে) কল্যাণের দিকে আহবান করবে। (সূরা আলে ইমরান ১০৮)

(১৬১০) আবু মাসউদ আনসারী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, 'আমার সওয়ারী ক্লান্ত হয়ে পড়েছে, আমাকে একটি সওয়ারী দিন।' তিনি বললেন, 'আমার কাছে নেই।' তা শুনে এক ব্যক্তি বলল, 'হে আল্লাহর রসূল! আমি ওকে বলতে পারি, যে ওকে সওয়ারী দেবে।' তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি কল্যাণের প্রতি পথনির্দেশ করে তার জন্য ঐ কল্যাণ সম্পাদনকারীর সম্পরিমাণ সওয়াব লাভ হয়। (মুসলিম ৫০০৭, ইবনে হিবান ১৬৬৮)

অন্য বর্ণনা মতে, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে চাইলো। তিনি বললেন, 'আমার কাছে এমন কিছু নেই যা আমি তোমাকে দান করব। তবে তুমি অমুকের নিকট যাও।' সে ঐ লোকটির নিকট গেল। লোকটি তাকে দান করল। এ দেখে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি কল্যাণের প্রতি পথনির্দেশ করে তার জন্য ঐ কল্যাণ সম্পাদনকারীর সম্পরিমাণ সওয়াব লাভ হয়। (আহমাদ ২২৩৫১, ইবনে হিবান ২৮৯)

বায়বার উক্ত হাদিসটিকে সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন। তাঁর শব্দগুলি এইরূপঃ কল্যাণের প্রতি পথনির্দেশক কল্যাণ সম্পাদনকারীরই অনুরূপ। (সহীহ তারগীব ১১১, আবু দাউদ, তিরমিয়ী প্রযুক্তের শব্দাবলী আলাদা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁণ্যনিরীক্ষিত

পারিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65358>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন